

নং-৩৫.০৩.০০০০.০০৮.০২২.৮১.২০২১-৫৮

তারিখ: ৩১/০১/২০২২খ্রি:

**বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নকল্পে পেশাদার মোটরযান চালকদের ড্রাইভিং লাইসেন্স ইস্যু ও নবায়নের নিমিত্ত চালকদের ডোপ টেস্ট সম্পন্ন করণে জোরদার করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

- সূত্রঃ ১। স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং- স্বাঃ অধিঃ/হাসঃ/ঢাকা বিভাগ/বিবিধ-০৬-২০২১/১০০/১(৪) তারিখঃ১১-০১-২০২২খ্রি:  
২। স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং- স্বাঃ অধিঃ/হাসঃ/ঢাকা বিভাগ/বিবিধ-০৬-২০২১/১০১ তারিখঃ১১-০১-২০২২খ্রি:  
৩। বিআরটিএ স্মারক নং-৩৫.০৩.০০০০.০০৮.০২২.৮১.২০২১-০৯ তারিখঃ১২-০১-২০২২খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নকল্পে ৩০ জানুয়ারি, ২০২২ থেকে পেশাদার মোটরযান চালকদের ড্রাইভিং লাইসেন্স ইস্যু ও নবায়নকালে প্রার্থীর আবেদন পত্রের সাথে সরকারি হাসপাতাল কর্তৃক সম্পাদিত ডোপ টেস্ট রিপোর্ট/সনদ বাধ্যতামূলক করা হয়। এ বিষয়ে সূত্রোক্ত ১ ও ২ নং স্মারকে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরী এবং দেশের সকল পর্যায়ের সরকারি হাসপাতালে গাড়ি চালকদের ডোপ টেস্ট সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া, বিআরটিএ হতে এ বিষয়ে সূত্রোক্ত ০৩ নং স্মারকে পরিপত্র জারি করা হয় এবং বিষয়টি ব্যাপক প্রচারের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদানসহ বিভিন্ন বাস, ট্রাক টার্মিনালে/জনবহুল স্থানে মাইকিং করা হয়।

২। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা থাকায় পেশাদার গাড়ি চালকদের ডোপ টেস্ট সম্পন্ন করার নিমিত্ত বিআরটিএ'র জেলা সার্কেল অফিস হতে সংশ্লিষ্ট হাসপাতালের সিভিল সার্জনের নিকট অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হলে অনেকেই এ ব্যাপারে সহযোগিতা করছেন তবে কোন কোন সরকারি হাসপাতাল/সিভিল সার্জন কর্তৃক ডোপ টেস্ট সম্পন্ন রিপোর্ট ও সনদ প্রদানে নানা সীমাবদ্ধতার বিষয় উল্লেখ করেছে মর্মে বিআরটিএ'র বিভিন্ন সার্কেল হতে জানা যায়।

৩। এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নকল্পে জরুরী ভিত্তিতে ড্রাইভিং লাইসেন্স ইস্যু ও নবায়নের নিমিত্ত পেশাদার মোটরযান চালকদের ডোপ টেস্ট সম্পন্নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিভিল সার্জন/সরকারি হাসপাতালসমূহকে পুনরায় নির্দেশনা প্রদানসহ নিবিড় মনিটরিং জোরদার করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

মহাপরিচালক  
স্বাস্থ্য অধিদপ্তর,  
মহাখালী, ঢাকা।

  
(নুর মোহাম্মাদ মজুমদার)  
চেয়ারম্যান  
ফোন: ৫৫০৪০৭১১

অনুলিপি:

- ১। সিনিয়র সচিব, স্বাস্থ্য ও সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয়।  
২। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।  
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/ স্বাস্থ্য মন্ত্রণালয়।